দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 09 SEP 2016 ...
পৃষ্ঠা ... ২২ ... কলাম ... ২

# স্কুল বন্ধ রাখায় দুই শিক্ষককে শোকজ

**নিজস্ব সংবাদদাতা, ফরিদপুর, ৮ সেপ্টেম্বর ॥** আলফাডাঙ্গা উপজেলার বানা ইউনিয়নের কঠুরাকান্দি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের দুই সহকারী শিক্ষককে নির্ধারিত সময়ের আগে স্কুল বন্ধ রাখার অভিযোগে কারণ দর্শানো নোটিস (শোকজ) দিয়েছে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা। ওই দুই শিক্ষক হলেন, কঠুরাকান্দি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক লাবনী খানম ও ইয়াসমিন। ওই দুই শিক্ষক বৃহস্পতিবার সকাল ১০টায় স্কুলে উপস্থিত হয়ে হাজিরা খাতায় স্বাক্ষর করে প্রথম ক্লাস নিয়ে শিক্ষার্থীদের ছুটি দিয়ে স্কুল বন্ধ করে নিজেদের ব্যক্তিগত কাজে বেরিয়ে যান।